

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারী ১৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ৩০ মাঘ ১৪১১/১২ ফেব্রুয়ারী ২০০৫

এস, আর, ও নং ৪২ আইন/২০০৫।—যেহেতু Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (President's Order No. 27 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর অধীন Adamjee Jute Mills Ltd. এর মালিকানা সরকার বরাবরে ন্যস্ত হইয়াছে; এবং

যেহেতু উক্ত Order এর Article 10 এর clause (1)(a) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Jute Mills Corporation (বাংলাদেশ পাট কল কর্পোরেশন) উক্ত Order এর প্রথম তফসিলভুক্ত (FIRST SCHEDULE) Adamjee Jute Mills Ltd. এর ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, ইত্যাদি উক্ত কর্পোরেশনের বরাবরে ন্যস্ত করা হইয়াছে; এবং

যেহেতু বিগত ২৪শে জুন, ২০০২ খ্রিস্টাব্দ তারিখে মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুসারে এবং বিগত ৭ই সেপ্টেম্বর, ২০০২ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সরকারী গেজেট প্রজ্ঞাপন নং পাম/শা-৫/বিবিধ-৫৩/২০০২/২৭৯, তারিখ, ৩০শে জুন, ২০০২ খ্রিস্টাব্দ এর দ্বারা উক্ত Adamjee Jute Mills Ltd. বন্ধ ঘোষণা করা হইয়াছে; এবং

যেহেতু পূর্বেক্ত সিদ্ধান্ত বাস্তবায়নকল্পে সরকার শিল্প কারখানা প্রতিষ্ঠার জন্য Adamjee Jute Mills Ltd. এর যাবতীয় স্থাবর এবং অপসারণ অযোগ্য সম্পত্তি বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর নিকট ন্যস্ত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু উক্ত Order এর FIRST SCHEDULE এর ১ নং ক্রমিকে উল্লিখিত "Adamjee Jute Mills Ltd." শব্দগুলি বিলুপ্ত করা প্রয়োজন;

সেহেতু উক্ত Order এর Article 4 এর clause (3) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার উক্ত Order এর FIRST SCHEDULE এর ১ নং ক্রমিকে উল্লিখিত "Adamjee Jute Mills Ltd." শব্দগুলি বিলুপ্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আশীষ কুমার পাল
উপ-সচিব (পাট)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫৭৫)

মূল্য : টাকা ১.০০